

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২. দ্বিতীয় অনুচ্ছেদ - রাতের সালাতে যা পড়তেন

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ مُسْلِمٍ يَبِيتُ عَلَى ذِكْرِ طَاهِرٍ فَيَتَعَارَّ مِنَ اللَّيْلِ فَيَسْأَلُ اللَّهَ خَيْرًا إِلَّا أَعْطَاهُ اللَّهُ إِيَّاهُ». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ

বাংলা

১২১৫-[৫] মু'আয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে মুসলিম রাতে পাক-পবিত্র অবস্থায় আল্লাহর যিকর করে ঘুমিয়ে যায়, তারপর রাতে জেগে উঠে আল্লাহর নিকট কল্যাণ কামনা করে, আল্লাহ তাকে (দুনিয়া ও আখিরাতে) অবশ্যই কল্যাণ দান করেন। (আহমাদ, আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৫০৪২, সহীহ আত্ তারগীব ৫৯৮, সহীহ আল জামি' ৫৭৫৪, আদ্ দা'ওয়াতুল কাবীর ৪২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে রাতে ঘুম যাওয়ার কালকে বুঝানো হয়েছে। আর যিকর দ্বারা ঐ সকল যিকর আযকারকে বুঝানো হয়েছে যেগুলো শয়নকালে পাঠ করা মুস্তাহাব, আবার কুরআন তিলাওয়াত এবং সাধারণ যিকরও হতে পারে। আর এটা উযু (ওযু/ওজু/অজু) অবস্থায় পাঠের কথা বলা হয়েছে। মাঝরাতে যদি কেউ জাগে তাহলে আল্লাহর কাছে কল্যাণ প্রার্থনা করবে, চাই তা দুনিয়ার কল্যাণ হোক চাই আখিরাতের কল্যাণ। তবে একটি বর্ণনায় দুনিয়া ও আখিরাতের কল্যাণের কথা নাম ধরেই উল্লেখ আছে।

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55775>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন